



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে জাতীয়  
স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



২৬ মার্চ ২০১৮, সোমবার সকাল ৭.৩০টায় 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮' উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, রেজিস্ট্রার, বিভাগীয় চেয়ারম্যান, দপ্তর প্রধান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্রনেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী কল্যাণ সমিতি ও ছাত্রছাত্রীদের



# জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University



বিভিন্ন সংগঠন একে একে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। এ সময় মহান স্বাধীনতা সংগ্রামে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এদিকে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সকালে সূর্যোদয়ের সাথে সাথে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। মহান স্বাধীনতা দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনসমূহ আলোক সজ্জায় সজ্জিত করা হয়।